



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শাহজাদপুর সরকারি কলেজ

শাহজাদপুর, সিরাজগঞ্জ।

ওয়েব সাইট : www.shahzadpurgovtcollege.com

E-mail Address : shahzadpur.govt.college@gmail.com

টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৩৩৪৭৮/০২৫৮৮৮৩৩৫৮৩



স্মারক নং- ০২৯.০২০.২০২৩.২০

তারিখ : ১৭/০১/২০২৩ খ্রি.

## “প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলাধীন শাহজাদপুর উপজেলার শাহজাদপুর সরকারি কলেজে “বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় নব নির্মিত ৬ (ছয়) তলা একাডেমিক ভবনের সামনে সিডিউলভুক্ত অভ্যন্তরীণ রাস্তা নির্মাণের নির্ধারিত স্থানে অবস্থিত বিভিন্ন প্রজাতির ৫০ (পঞ্চাশ) টি গাছ কর্তন/অপসারণের জন্য প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রি করা হবে। আগামী ২৩/০১/২০২৩ খ্রি. বেলা ১১:০০ ঘটিকায় অধ্যক্ষের কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত দিনে আগ্রহী সকলকে ডাকে অংশগ্রহণের জন্য আহবান করা হলো।

ক্রমিক নং	গাছের বিবরণ	প্রাক্কলিত মূল্য
০১.	১) মেহগনি-২৪ টি, ২) কৃষ্ণচূড়া-০১ টি, ৩) ইপিল ইপিল-০১ টি, ৪) বকাইন-০৫ টি, ৫) কাঠাল-০২ টি, ৬) কড়ই- ০১ টি, ৭) কামরাসা- ০১ টি, ৮) কদম-০১ টি, ৯) দেবদারু- ০১ টি, ১০) আম- ০১ টি, ১১) জামরুল- ০১ টি, ১২) অর্জুন- ০১ টি, ১৩) নারিকেল- ০৩ টি, ১৪) বোটলপাম্প- ০১ টি, ১৫) জ্বালানি- ০৬ টি সর্বমোট = ৫০ (পঞ্চাশ) টি।	টাকা= ৮২,৩১৫/-

### শর্তাবলী:

- ১। নিলাম ডাকের সময় নগদে ৫০০০ (পাঁচ হাজার) টাকা জামানত স্বাপেক্ষে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবে।
- ২। প্রাক্কলিত মূল্যের চেয়ে কম মূল্যে ডাক দেয়া যাবে না।
- ৩। উদ্ধৃত মূল্যের সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীকে ডাক শেষে ডাককৃত মূল্য ট্রেজারী চালানোর মাধ্যমে জমাদান পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- ৫। কার্যাদেশ পাওয়ার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে নিলামকৃত ৫০ (পঞ্চাশ) টি গাছ নিজ খরচে নিজ দায়িত্বে কর্তন/ অপসারণের কাজ সম্পন্ন করতে হবে। কর্তন/ অপসারণের সময় কোন দুর্ঘটনা ঘটলে অনুমোদিত ডাককারীকেই তার দায় দায়িত্ব বহন করতে হবে। এর জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৬। সর্বোচ্চ ডাককারীকে ডাক অনুমোদনে কর্তৃপক্ষ বাধ্য নহেন।
- ৭। নিলাম ডাকের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ৮। অধ্যক্ষ মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে ৫০ (পঞ্চাশ) টি গাছ কর্তন/ অপসারণ করতে হবে।

স্বাক্ষরিত

প্রফেসর ড. মোঃ নূর আলম

অধ্যক্ষ

শাহজাদপুর সরকারি কলেজ


শাহজাদপুর, সিরাজগঞ্জ

ও

সদস্য সচিব, নিলাম কমিটি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৩। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ  
(তাকে আগামী ২৩/০১/২০২৩ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় কমিটির সদস্য হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পাবনা এর প্রতিনিধি  
(তাকে আগামী ২৩/০১/২০২৩ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় কমিটির সদস্য হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস নথি।

  
১৭/০১/২০২৩

প্রফেসর ড. মোঃ নূর আলম

অধ্যক্ষ

শাহজাদপুর সরকারি কলেজ

শাহজাদপুর, সিরাজগঞ্জ

ও

সদস্য সচিব, নিলাম কমিটি।